শেখ হাসিনার মূলনীতি
গ্রাম শহরের উন্নতি

ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশন
নগর ভবন, ঢাকা।
www.dscc.gov.bd

স্মারক সংখ্যা : ৪৬.২০৭.০০০.০৩.০২.৩৮.২০১৯-৭৯৯

তারিখ ঃ ২৩ অগ্রহায়ণ ১৪২৮ বঙ্গাব্দ
০৮ ডিসেম্বর ২০২১ খ্রিস্টাব্দ

নিয়োগ বিজ্ঞপ্তি

স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়ের স্থানীয় সরকার বিভাগের ২৭.১০.২০১৯ খ্রি. তারিখের ৪৬.০০. ০০০০.০৭০.১১.০০১.১৮. ১৩৭৯ নম্বর স্মারকে অনুমোদনের প্রেক্ষিতে ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশনের রাজস্বখাতভুক্ত নিম্নবর্ণিত শূন্য পদসমূহ পূরণের জন্য বাংলাদেশের প্রকৃত নাগরিকদের নিকট হতে দরখাস্ত আহ্বান করা যাচ্ছে ঃ

ক্রঃ নং	পদের নাম ও বেতন স্কেল (জাতীয় বেতন স্কেল/২০১৫)	পদের সংখ্যা	বয়স	শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা
১	২	৩	৪	৫
১.	গাড়ী চালক (ভারী) ৯,৩০০-২২,৪৯০/-(গ্রেড-১৬)	৩২ (বত্রিশ) টি	১৮-৩০ বৎসর	অষ্টম শ্রেণি বা কোন স্বীকৃত বোর্ড হতে জুনিয়র স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ; এবং বৈধ লাইসেন্সসহ ভারী যানবাহন চালানোর বাস্তব অভিজ্ঞতা।

২। **নিম্নলিখিত শর্তাবলী অবশ্যই অনুসরণ করতে হবে ঃ**

(১) ২০.০৩.২০২০ খ্রি. তারিখে প্রার্থীর বয়সসীমা ১৮ হতে ৩০ বৎসর হতে হবে। তবে মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার পুত্র-কন্যা ও শারীরিক প্রতিবন্ধিদের ক্ষেত্রে বয়সসীমা সর্বোচ্চ ৩২ (বত্রিশ) বৎসর। বয়সের ক্ষেত্রে কোনোক্রমেই এফিডেভিট গ্রহণযোগ্য হবে না।

(২) সরকারি/আধা সরকারি/স্বায়ত্বশাসিত প্রতিষ্ঠানে কর্মরত প্রার্থীদেরকে অবশ্যই যথাযথ কর্তৃপক্ষের অনুমতিক্রমে আবেদন করতে হবে।

(৩) নিয়োগের ক্ষেত্রে সরকারের বিদ্যমান বিধি-বিধান এবং পরবর্তীতে এ সংশ্লিষ্ট বিধি-বিধানে কোন সংশোধন হলে তা অনুসরণ করা হবে।

(৪) আবেদনপত্রে প্রার্থীর নাম, পিতা/স্বামীর নাম, মাতার নাম, স্থায়ী ঠিকানা, বর্তমান ঠিকানা, জাতীয়তা, ধর্ম, জন্ম তারিখ, বয়স, নিজ জেলার নাম, শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা (যদি থাকে) উল্লেখ করতে হবে।

(৫) আবেদনপত্রের সাথে নিম্নোক্ত কাগজপত্রাদি সংযুক্ত করতে হবে :

(ক) ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান/পৌরসভা বা সিটি কর্পোরেশনের মেয়র/কাউন্সিলর কর্তৃক প্রদত্ত নাগরিকত্বের সনদপত্র এবং জাতীয় পরিচয়পত্র (ভোটার আইডি কার্ড) বা জন্ম নিবন্ধন সনদপত্রের সত্যায়িত ফটোকপি;

(খ) শিক্ষাগত যোগ্যতা এবং অভিজ্ঞতা (যদি থাকে) সনদপত্রের সত্যায়িত ফটোকপি;

(গ) আবেদনপত্রের সাথে সংযুক্ত সকল শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা সনদপত্রের ফটোকপি এবং সদ্য তোলা ০৩(তিন) কপি পাসপোর্ট আকারের রঙ্গিন ছবি প্রথম শ্রেণীর গেজেটেড কর্মকর্তা কর্তৃক সত্যায়িত হতে হবে। সত্যায়নের ক্ষেত্রে সত্যায়নকারী কর্মকর্তার সুস্পষ্ট নাম ও পদবি সম্বলিত সিল অবশ্যই থাকতে হবে।

(৬) প্রার্থী মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার পুত্র-কন্যা হলে মুক্তিযোদ্ধা সনদ (মন্ত্রণালয়ের সনদ, বামুস সনদ), মুক্তিবার্তা/গেজেট নম্বর ও তারিখ এবং মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার পুত্র-কন্যার পুত্র-কন্যা হিসেবে চাকুরি প্রার্থীদের ক্ষেত্রে উপরোক্ত কাগজপত্রসহ প্রার্থীর সাথে মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার সম্পর্কের প্রমাণক হিসেবে সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান/পৌরসভার মেয়র/সিটি কর্পোরেশনের ওয়ার্ড কমিশনার/কাউন্সিলর কর্তৃক ইস্যুকৃত প্রত্যয়নপত্র। প্রার্থী এবং তার পিতা-মাতার জাতীয় পরিচয়পত্র মৌখিক পরীক্ষার সময় প্রদর্শন করতে হবে।

(৭) মেয়র, ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশনের অনুকূলে যেকোন অনুমোদিত তফসিলভুক্ত ব্যাংক হতে ৫০০/- (পাঁচশত) টাকা মূল্যের ব্যাংক ড্রাফট/পে-অর্ডার (অফেরতযোগ) সংযুক্ত করতে হবে।

(৮) প্রার্থীর নিজ ঠিকানা উল্লেখপূর্বক সরকার নির্ধারিত ডাকটিকেটসহ ফেরত খান (সাইজ ৯" x ৪") সংযুক্ত করতে হবে।

(৯) আবেদনকারী বিভাগীয় প্রার্থী হয়ে থাকলে তার নিয়োগকারী কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত অনাপত্তিপত্রের সত্যায়িত ফটোকপি সংযুক্ত করতে হবে ।

(১০) সচিব, ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশন বরাবর আবেদন করতে হবে এবং আবেদনপত্রের খামের উপর অবশ্যই পদের নাম উল্লেখ করতে হবে। ১২.১২.২০২১খ্রি. তারিখ হতে ৩১.১২.২০২১ খ্রি. তারিখ বিকাল ৫.০০ ঘটিকা পর্যন্ত সময়ে সচিব, ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশন বরাবর ডাকযোগে আবেদনপত্র প্রেরণ করতে হবে। সরাসরি দাখিলকৃত কোন আবেদনপত্র গ্রহণ করা হবে না। অসম্পূর্ণ, ত্রুটিপূর্ণ ও বিলম্বে প্রাপ্ত আবেদন বাতিল বলে গণ্য হবে।

(১১) আবেদনকারীকে তার সর্বশেষ অর্জিত শিক্ষাগত যোগ্যতার তথ্য আবশ্যিকভাবে উল্লেখ করতে হবে।

(১২) নিয়োগকারী কর্তৃপক্ষ বিজ্ঞপ্তিতে উল্লিখিত পদের সংখ্যা হ্রাস/বৃদ্ধির অধিকার সংরক্ষণ করেন।

(১৩) লিখিত, মৌখিক ও ব্যবহারিক পরীক্ষায় অংশগ্রহণের জন্য কোন প্রকার টিএ/ডিএ প্রদান করা হবে না।

(১৪) নিয়োগ বিজ্ঞপ্তি বাতিল/প্রত্যাহারের অধিকার কর্তৃপক্ষ সংরক্ষণ করেন।

(১৫) ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশনের ওয়েব সাইটে (www.dscc.gov.bd) এ নিয়োগ বিজ্ঞপ্তিটি পাওয়া যাবে।

(১৬) নিয়োগ সংক্রান্ত বিষয়ে নিয়োগকারী কর্তৃপক্ষের সিদ্ধান্ত চূড়ান্ত বলে গণ্য হবে।

(১৭) উল্লেখ করা হয়নি এমন ক্ষেত্রে সরকারের সর্বশেষ জারিকৃত বিধি-বিধান প্রযোজ্য হবে।

08.12.21
(আকরামুজ্জামান)
সচিব
ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশন
ফোন ঃ ০২-২২৩৩৮৩৩৫০৭

শেখ হাসিনার মূলনীতি
গ্রাম শহরের উন্নতি

ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশন
নগর ভবন, ঢাকা।
www.dscc.gov.bd

স্মারক সংখ্যা : ৪৬.২০৭.০০০.০৩.০২.৩৮.২০১৯-৭৯৯

তারিখঃ ২৬ অগ্রহায়ণ ১৪২৮ বঙ্গাব্দ
০৮ ডিসেম্বর ২০২১ খ্রিস্টাব্দ

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়) ঃ

১। সিনিয়র সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২। বিভাগীয় প্রধান (সকল) ...., ঢাদসিক।
৩। মেয়রের একান্ত সচিব, ঢাদসিক (মাননীয় মেয়রের সদয় অবগতির জন্য), ঢাদসিক।
৪। আঞ্চলিক নির্বাহী কর্মকর্তা, অঞ্চল-১, ২, ৩, ৪, ৫, ৬, ৭, ৮, ৯ ও ১০, ঢাদসিক, ঢাদসিক (এ নিয়োগ বিজ্ঞপ্তি স্ব-স্ব আঞ্চলিক কার্যালয়ের নোটিশ বোর্ডে সাটানোর অনুরোধ করা হলো)।
৫। সিস্টেম এনালিস্ট, আইসিটি সেল, ঢাদসিক (এ বিজ্ঞপ্তিটি ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশনের ওয়েব সাইটে প্রকাশের ব্যবস্থা করবেন)।
৬। জনসংযোগ কর্মকর্তা, ঢাদসিক (এ বিজ্ঞপ্তিটি বহুল প্রচারিত ২টি বাংলা ও ১টি ইংরেজি দৈনিক জাতীয় পত্রিকায় প্রকাশের ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ)।
৭। প্রধান নির্বাহী কর্মকর্তার স্টাফ অফিসার, ঢাদসিক (প্রধান নির্বাহী কর্মকর্তা মহোদয়ের সদয় অবগতির জন্য)।
৮। সহকারী সচিব, সংস্থাপন শাখা-১, ২, ৩ ও সাধারন প্রশাসন শাখা।
৯। নোটিশ বোর্ড
১০। অফিস কপি (নথি নং-৪৬.২০৭.০০০.০৩.০২.৩৮.২০১৯, তারিখ-০৪.১১.২০১৯ খ্রি.)।

২৩ অগ্রহায়ণ ১৪২৮

(মোহাম্মদ শাহ্জাহান)
সহকারী সচিব
সংস্থাপন শাখা-২
ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশন